রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারী ১০, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-১০

## প্রজ্ঞাপন

তারিখ: ২৬শে মাঘ ১৪০০/৮ই ফেব্রুয়ারী ১৯৯৪

এস, আর, ও নং ৫২-আইন/৯৪-প্রশা-১০/মজুরী-১২/৯৩—Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961) এর section 6(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছে যে, "সোপ এণ্ড কসমেটিক ইণ্ডাষ্ট্রি" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে উক্ত Ordinance এর section 3(1) এর অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক একই Ordinance এর section 5 এর বিধান মোতাবেক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বিধৃত মজুরীর হারসমূহ উক্ত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার হইবে।

তফসিল

"ক" পরিচ্ছেদ

| শ্রমিকের পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা (৩০%) | চিকিৎসা ভাতা | মোট |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | টাকা | টাকা | টাকা | টাকা |
| উচ্চতর দক্ষ: | | | | |
| ১। প্রেসম্যান/প্রেস মেশিনম্যান | ১৫৫০ | ৪৬৫ | ১৫০ | ২১৬৫ |
| ২। টয়লেট/ওয়াশিং প্রেসম্যান | | | | |



মূল্য : টাকা ২·৫০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা | টাকা |
| ৩। ফ্লোডার মেশিনম্যান | | | | |
| ৪। মিক্সার মেশিনম্যান/মিক্সারম্যান | | | | |
| ৫। ড্রাইং চেম্বার মেশিনম্যান | | | | |
| ৬। বয়লার এটেনডেন্ট | | | | |
| ৭। ফিটার মিস্ত্রী | | | | |
| ৮। কাটিং মেশিনম্যান | | | | |
| ৯। ডাইস মিস্ত্রী | | | | |
| ১০। অপারেটর/প্লান্ট অপারেটর | | | | |
| ১১। ইলেকট্রিশিয়ান | | | | |
| ১২। বয়েলিংম্যান | | | | |
| দক্ষ : | ১২৭০ | ৩৮১ | ১৫০ | ১৮০১ |
| ১। বয়লার হেলপার | | | | |
| ২। কার্পেন্টার | | | | |
| ৩। সহ বয়লিংম্যান | | | | |
| ৪। বোতল/টিন ফিলিংম্যান | | | | |
| ৫। ক্যাপ সিলিং/টিন সিলিংম্যান | | | | |
| ৬। সহ-কাটিংম্যান | | | | |
| ৭। সহ-ফিটার মিস্ত্রী | | | | |
| ৮। সহ-প্রেসম্যান/সহ প্রেস মেশিনম্যান | | | | |
| ৯। সহ-ফ্লোডার মেশিনম্যান | | | | |
| ১০। সহ-মিক্সার মেশিনম্যান/সহ মিক্সারম্যান | | | | |
| আধা-দক্ষ : | ১১০০ | ৩৩০ | ১৫০ | ১৫৮০ |
| ১। বয়েলিং হেলপার | | | | |
| ২। মার্কম্যান | | | | |
| ৩। নেইলার | | | | |
| ৪। বোলার মেশিন হেলপার | | | | |
| ৫। ফ্লোডার মেশিন হেলপার | | | | |
| ৬। মিক্সার মেশিন হেলপার | | | | |
| ৭। কাটিং হেলপার | | | | |
| ৮। বোতল/টিন ফিলিং হেলপার | | | | |
| ৯। ক্যাপ-সিলিং ও টিন সিলিং হেলপার | | | | |
| ১০। প্রেস মেশিন হেলপার | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা | টাকা |
| অদক্ষ : | ৯৫০ | ২৮৫ | ১৫০ | ১৩৮৫ |
| ১। প্যাকার্স/ব্যাগার্স | | | | |
| ২। সাধারণ শ্রমিক | | | | |
| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | | | | |
| গ্রেড-১ : | ১৫৫০ | ৪৬৫ | ১৫০ | ২১৬৫ |
| ১। হিসাব সহকারী | | | | |
| ২। ষ্টোর কিপার | | | | |
| ৩। উচ্চমান সহকারী | | | | |
| ৪। ক্রয়/বিক্রয় সহকারী | | | | |
| ৫। সিনিয়র টাইম কিপার | | | | |
| গ্রেড-২ : | ১২৭০ | ৩৮১ | ১৫০ | ১৮০১ |
| ১। নিম্নমান সহকারী | | | | |
| ২। টাইম কিপার | | | | |
| ৩। টাইপিষ্ট | | | | |
| ৪। ষ্টোর এসিষ্টেন্ট | | | | |
| ৫। টেলিফোন অপারেটর | | | | |
| ৬। সেলসম্যান | | | | |
| ৭। ড্রাইভার | | | | |
| গ্রেড-৩ : | ৯৫০ | ২৮৫ | ১৫০ | ১৩৮৫ |
| ১। পিয়ন | | | | |
| ২। দারোয়ান | | | | |
| ৩। নাইটগার্ড | | | | |
| ৪। মালি | | | | |
| ৫। সুইপার/ক্লিনার | | | | |

৩

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোল্লা গোলাম সারওয়ার
উপ-সচিব (শ্রম)।

বিঃ দ্রঃ এতৎসংগে মজুরী বোর্ডের সুপারিশ ১৯৯৩ এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## সোপ এন্ড কসমেটিক ইন্ডাষ্ট্রি

## সুপারিশ, ১৯৯৩ ইং

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯), এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২১শে এপ্রিল, ১৯৯৩ তারিখে জারীকৃত এস, আর, ও নং ৭৫/আইন/৯৩,শ্রওজ-১০/মজুরী-৯/৯২ নম্বর প্রজ্ঞাপন দ্বারা সোপ এন্ড কসমেটিক ইন্ডাষ্ট্রিতে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী নির্ধারণের জন্য অত্র বোর্ডকে নির্দেশ দেন এবং উক্ত শিল্পের প্রতিনিধিত্ব করার জন্য একই প্রজ্ঞাপন দ্বারা মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করেন।

অতঃপর বোর্ড কয়েকটি বৈঠকে মিলিত হন এবং দেশের বিভিন্ন স্থানে অবস্থিত সোপ এন্ড কসমেটিক ইন্ডাষ্ট্রিতে প্রশ্নপত্র প্রেরণের মাধ্যমে তথ্যাদি সংগ্রহ করেন এবং বেশ কিছু সোপ এন্ড কসমেটিক ইন্ডাষ্ট্রি পরিদর্শন করিয়া শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিস্ট্রার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধি মালার ১৫(১) বিধি মোতাবেক খসড়া সুপারিশ সংশ্লিষ্ট মালিক ও শ্রমিকসহ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন। উক্ত খসড়া সুপারিশের উপর ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(২) বিধি মোতাবেক কোন আপত্তি/প্রস্তাব পাওয়া যায় নাই। বোর্ড বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে খসড়া সুপারিশে উল্লেখিত নিম্নতম মজুরী ও পদবিন্যাস অপরিবর্তিত রাখিয়া ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন ঃ—

১। সোপ এন্ড কসমেটিক ইন্ডাষ্ট্রিতে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে (১) উচ্চতর দক্ষ, (২) দক্ষ, (৩) আধা-দক্ষ ও (৪) অদক্ষ এই ৪ শ্রেণীতে এবং কর্মচারীদের (১) গ্রেড-১, (২) গ্রেড-২ ও (৩) গ্রেড-৩ এই ৩ শ্রেণীতে পদবিন্যাস করা হয় যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "ক" এ বলা হইয়াছে।

২। এই সুপারিশ ঘোষণার পর হইতে উক্ত ইন্ডাষ্ট্রির মালিক "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদিগকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

(৩) যদি কোন ইন্ডাষ্ট্রিতে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরীপ্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

৪। "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৫। যদি কোন ইন্ডাস্ট্রির মালিক শ্রমিকদিগকে ফুরনভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাঁহাকে এই সুপারিশ মোতাবেক তাঁহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাঁহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৬। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

৭। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

**এ, এস, এম, হেদায়েত হোসেন**
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড

**অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ**
নিরপেক্ষ সদস্য

**মনোয়ার উদ্দিন আহাম্মদ**
মালিক পক্ষের সদস্য

**মোঃ হুমায়ুন কবির**
মালিক পক্ষের সদস্য

**নজরুল ইসলাম খান**
শ্রমিক পক্ষের সদস্য

**আঃ মান্নান**
শ্রমিক পক্ষের সদস্য

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।